

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৩৫৮ ২২/ নিষিদ্ধ কার্যাবলী পরিচ্ছেদঃ জাহেলী যুগের কর্মকাণ্ড

## আরবী

عن جَابِر بْن عَبْدِ اللهِ يَقُوْلُ كُنَّا مَعَ النَّبِيِّ عَيْلِيُّ فِي غَزَاةٍ فَكَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ وَجُلاً مِنَ الْأَنْصَارِ فَقَالَ الْمُهَاجِرِينَ فَقَالَ رَجُلاً مِنَ الْأَنْصَارِ فَقَالَ الْمُهَاجِرِينُ يَا لَلْأَنْصَارِ وَقَالَ الْمُهَاجِرِينُ يَا لَلْمُهَاجِرِينَ فَقَالَ رَسُولُ اللهِ كَسَعَ رَجُلٌ مِنَ الْمُهَاجِرِينَ رَجُلاً مِنَ الْمُهَاجِرِينَ وَجُلاً مِنَ الْمُهَاجِرِينَ

## বাংলা

(২৩৫৮) জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, বানুল মুস্তালিক যুদ্ধের পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখনো মুরাইসী' ঝর্ণার নিকট অবস্থান করছিলেন, এমন সময় কতকগুলো লোক পানি সংগ্রহের উদ্দেশ্যে সেখানে আগমন করে। আগমনকারীদের মধ্যে উমার (রাঃ) এর একজন শ্রমিক ছিল, যার নাম ছিল জাহজাহ গিফারী। ঝর্ণার নিকট আরো একজন ছিল, যার নাম ছিল সিনান বিন অবার জুহানী। কোন কারণে এই দু'জনের মধ্যে বাক-বিতন্ডা হতে হতে শেষ পর্যায়ে ধস্তাধন্তি ও মল্লযুদ্ধ শুরু হয়ে যায়। এক পর্যায়ে জুহানী চিৎকার শুরু করে দেয়, 'হে আনসার দল! (আমাকে সাহায্যের জন্য দ্রুত এগিয়ে এস।)' অপর পক্ষে জাহজাহ আহবান করতে থাকে, 'হে মুহাজির দল! (আমাকে সাহায্যে করার জন্য তোমরা শীঘ্র এগিয়ে এস।)' রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা দেখে বললেন, ''আমি তোমাদের মধ্যে বর্তমান আছি অথচ তোমরা অজ্ঞতার যুগের আচরণ করছ? তোমরা এসব পরিহার করে চল, এ সব হচ্ছে দুর্গন্ধযুক্ত।

## ফুটনোট

(বুখারী ৪৯০৫, মুসলিম ৬৭৪৮, তিরমিযী ৩৩১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন